
# ওয়ালটন

আমাদের পণ্য

# মিক্সার গ্রাইন্ডার

## ওয়ারেন্টি কার্ড । ব্যবহার বিধি




**মডেল**

- WBL-VK01
- WBL-15SMG6
- WBL-15JM65
- WBL-15GM55
- WBL-15GM65
- WBL-15GM75

Made in Bangladesh

WALTON

# মুখবন্ধ

ওয়ালটন পণ্যের জগতে আপনাকে স্বাগতম। ওয়ালটন মিক্সার গ্রাইন্ডার আপনার পরিবারের একজন সদস্যের মতই আপনার প্রয়োজনীয় চাহিদা পূরন করবে, প্রযুক্তি নির্ভর সুবিধাদি আপনার জীবনকে করবে আরো সহজতর এবং দেশসেরা বিক্রয়োত্তর সেবা আপনাকে রাখবে নিশ্চিন্ত। তাই ওয়ালটন মিক্সার গ্রাইন্ডার কিনে মর্যাদাসম্পন্ন, আরামদায়ক ও চিন্তামুক্ত জীবনযাত্রার সামিল হোন।

সহজসরল ও সাবলিল ভাষায় লেখা ব্যবহারবিধিতে মিক্সার গ্রাইন্ডার পরিচালনার নিয়মাবলি, রক্ষণাবেক্ষণ এবং ব্যবহারকালীন সাধারন সমস্যাগুলোর সম্ভাব্য সমাধান, সর্বোপরি মিক্সার গ্রাইন্ডারটি ভালোভাবে ব্যবহার করার জন্য ব্যবহারবিধিটি আপনাকে সাহায্য করবে। ইউনিটের পিছনে দেওয়া মডেল ও সিরিয়াল নাম্বার সংরক্ষন করুন।

মিক্সার গ্রাইন্ডারটি ব্যবহার করার পূর্বে নির্দেশনাসমূহ সতর্কতার সাথে পড়ুন এবং ভবিষ্যতের কাজের সুবিধার্থে ম্যানুয়ালটি সংরক্ষন করুন।

# নিরাপত্তাসূচক নির্দেশনা

মিক্সার গ্রাইন্ডারটি শুধুমাত্র গৃহস্থালী কাজে ব্যবহারের জন্য তৈরি করা হয়েছে। মিক্সার গ্রাইন্ডারটি ব্যবহার করার পূর্বে ম্যানুয়ালটি ভালোভাবে পড়ুন।

১। মিক্সার গ্রাইন্ডার ব্যবহারের পূর্বে আপনার বাসার ভোল্টেজ চেক করুন এবং ব্লেন্ডারে উল্লেখিত ভোল্টেজের সাথে আপনার বাসার ভোল্টেজ সামঞ্জস্যপূর্ণ কিনা সেটি নিশ্চিত করুন।

২। বৈদ্যুতিক শকের ঝুকি থেকে মুক্ত থাকতে এর কোনো অংশ পানিতে ডোবানো বা ভেজা অবস্থায় ব্যবহার করা যাবে না।

৩। বৈদ্যুতিক সকেটে সংযোগ দেওয়া বা খোলার সময় কর্ড ধরে টানাটানি করা যাবে না।

৪। নষ্ট বা ক্ষতিগ্রস্থ কর্ড দিয়ে মিক্সার গ্রাইন্ডারটি অপারেট করা যাবে না, পাওয়ার কর্ড নষ্ট বা ক্ষতিগ্রস্থ হলে এর ব্যবহার বন্ধ করে ওয়ালটন সার্ভিস সেন্টারে যোগাযোগ করতে হবে।

৫। কোনো ধরনের যান্ত্রিক ত্রুটি নিজে থেকে মেরামতের চেষ্টা না করে দ্রুত সার্ভিস সেন্টারে যোগাযোগ করতে হবে।

৬। মিক্সার গ্রাইন্ডারটি সবসময় শুকনো ও সমতল স্থানে রাখতে হবে।

৭। মিক্সার গ্রাইন্ডারটির সাথে সরবরাহকারী অথবা উৎপাদনকারীর সরঞ্জাম ব্যাতীত অন্য কোনো কিছুর সাথে মিক্সার গ্রাইন্ডারটি ব্যবহার করা যাবে না।

৮। বজ্রপাতের সময় অথবা দীর্ঘসময় মিক্সার গ্রাইন্ডারটি অব্যবহৃত থাকলে সকেট থেকে বিচ্ছিন্ন করে রাখতে হবে।

৯। শিশু, মানসিক প্রতিবন্ধী অথবা অভিজ্ঞতাহীন ব্যক্তিদের মিক্সার গ্রাইন্ডার ব্যবহার করা থেকে বিরত রাখুন।

১০। কাজ করার সময়, বিশেষ করে শিশুদের উপস্থিতিতে মিক্সার গ্রাইন্ডারটি বিনা তদারকিতে রাখা যাবে না এবং শিশুদের সরঞ্জামটি দিয়ে খেলা করতে দেওয়া যাবে না। যথাসম্ভব সরঞ্জামটি শিশুদের নাগালের বাইরে রাখতে হবে।

১১। সব ধরনের যন্ত্রপাতি ইনডোরে ব্যবহারের উপযোগী। নির্দেশিত ম্যানুয়ালে উল্লেখ না থাকলে আউটডোরে ব্যবহার করা যাবে না।

# নিরাপত্তাসূচক নির্দেশনা

১২। মিক্সার গ্রাইন্ডারটি মাল্টিপ্লাগ বা বহুমুখী সকেটে ব্যবহার করা যাবে না। এটিকে সবসময় প্রধান সকেটের সাথে সংযুক্ত করতে হবে, মাল্টিপ্লাগ ব্যবহার করতে হলে মাল্টিপ্লাগের কেবলের রেটিং যেন মিক্সার গ্রাইন্ডারের রেটিংয়ের অনুরূপ হয় সেটি নিশ্চিত করতে হবে।

১৩। টেবিলে বা কাজের যায়গাতে মিক্সার গ্রাইন্ডারটি ঝুলিয়ে রাখা যাবে না। এর তীক্ষ্ণ কিনারা নির্দিষ্ট সময়ের আগে কর্ডের ক্ষতিসাধন করতে পারে, এটিকে কোনো গরম বস্তুর সংস্পর্শে রাখা যাবে না।

১৪। মিক্সার গ্রাইন্ডারের মেইন বডি কখনোই পানিতে ডোবানো যাবে না। মিক্সার গ্রাইন্ডারটি ভেজা কাপড় দিয়ে মোছা যাবে কিন্তু দ্রুত শুকানোর ব্যবস্থা করতে হবে, পরিষ্কারের জন্য ডিটারজেন্ট ব্যবহার করা যাবে না।

১৫। মিক্সার গ্রাইন্ডারটি চালু করার পূর্বে এটি ভালোমত আটকানো আছে কিনা সে বিষয়ে নিশ্চিত হতে হবে।

১৬। ভেজা হাতে মিক্সার গ্রাইন্ডারটি ব্যবহার করা যাবে না।

১৭। মিক্সার গ্রাইন্ডার চালানোর সময় অবশ্যই জারের ঢাকনার ওপর হাত দিয়ে চেপে ধরতে হবে।


১৮। কাজ শেষ হওয়ার পরে ব্লেড বা মোটর সম্পূর্ন থেমে যাওয়ার আগ পর্যন্ত জার বা গ্রাইন্ডার খোলার চেষ্টা করা যাবে না।

১৯। কাটিং ব্লেড ব্যবহারের সময়, বিশেষ করে জার ব্লেড আলাদা করার সময়, জার খালি করার সময় এবং পরিষ্কার করার সময় সতর্ক থাকতে হবে।

২০। কাজ শেষ হয়ে গেলে রেখে দোওয়ার আগে খেয়াল রাখতে হবে যেনো এটি শুকনো ও পরিষ্কার থাকে।

# মিক্সার গ্রাইন্ডারের বিভিন্ন অংশসমূহ

১। মেইন বডি
২। স্পীড/ পালস
৩। ব্লেন্ডার জার
৪। ডোম ব্লেন্ডার জারের জন্য
৫। লিড ক্যাপ ব্লেন্ডার জারের জন্য
৬। গ্যসকেট ঢাকনা
৭। জারের হাতল
৮। ড্রাই/ ওয়েট গ্রাইন্ডিং জারের ফ্ল্যাট ঢাকনা
৯। ড্রাই/ ওয়েট গ্রাইন্ডিং জার
১০। জার বেজ
১১। চাটনি জারের ঢাকনা
১২। চাটনি জার
১৩। ওএলপি সুইচ



# ব্যবহারবিধি

১। ব্যবহারের আগে জারটি ভালোমত পরিষ্কার করে নিতে হবে।
২। জারটি মেইন বডির সাথে ঘড়ির কাটার দিকে ঘুরিয়ে শক্ত করে আটকে দিতে হবে।
৩। জারের ভিতর উপকরনগুলো নির্দিষ্ট পরিমানে রাখতে হবে। এ ক্ষেত্রে খেয়াল রাখতে হবে যেন শক্ত উপকরনগুলো ছোট ছোট টুকরা করে দেওয়া হয়।
৪। জারের ঢাকনা ভালোমত আটকে দিতে হবে।
৫। প্লাগটি সকেটে সংযুক্ত করতে হবে। প্রয়োজনমত স্পিড নির্বাচন করতে হবে।
৬। মিক্সার গ্রাইন্ডারটি একটানা সর্বোচ্চ ২ মিনিট ব্যবহার করুন তারপর অন্তত ১ মিনিট বিরতি দিন।
৭। শুকনো হলুদ গুড়া করার সময় অবশ্যই হলুদগুলো চুলায় বা ওভেনে গরম করে নিতে হবে।

| জার | ক্যাপাসিটি | উপকরণ | ধারনক্ষমতা |
|---|---|---|---|
| জুসার জার | 1.5 L | বিভিন্ন ফলের জুস, লাচ্ছি, চকলেট মিল্ক শেক | জারের দুই তৃতীয়াংশ |
| গ্রাইন্ডার জার | 1.0 L | বিভিন্ন ধরনের শুকনা গুড়া (যেমনঃ জিরা, হলুদ, দারুচিনি, চাল) | জারের এক তৃতীয়াংশ |
| চাটনি জার | 200-250 gms | বিভিন্ন প্রকার চাটনি (যেমনঃ পুদিনা, ধনিয়া, সরিষা ইত্যাদি) | জারের এক তৃতীয়াংশ |

| পাওয়ার | চাল | জিরা | হলুদ | দারুচিনি |
|---|---|---|---|---|
| 550 watt | ২৫০ গ্রাম | ১০০ গ্রাম | ১৫০ গ্রাম | ৭৫ গ্রাম |
| 650 watt | ৩০০ গ্রাম | ১২৫ গ্রাম | ২০০ গ্রাম | ১০০ গ্রাম |
| 1 HP | ৩৫০ গ্রাম | ১৫০ গ্রাম | ২৫০ গ্রাম | ১০০ গ্রাম |

# বিশেষ সতর্কতা

১। সেফটি চিহ্নের ওপর জার পূর্ণ করা যাবে না।
২। জারটি বেজের ওপর ভালোমত লক করার পর সুইচ চালু করতে হবে।
৩। গ্রাইন্ডারটি ব্যবহারের পূর্বে অবশ্যই ঢাকনা লাগাতে হবে।
৪। গ্রাইন্ডার চালু রেখে কোনো প্রকার উপাদান যোগ করা যাবে না।
৫। গ্রাইন্ডার চালু রাখা অবস্থায় হাত, চামচ বা অতিরিক্ত অন্য কোনো কিছু ভিতরে রাখা যাবে না।
৬। গ্রাইন্ডারে ফুটন্ত গরম পানি ঢালা যাবে ন।
৭। একটানা গ্রাইন্ডারটি দীর্ঘক্ষন ব্যবহার করা যাবে না। এটি মোটরকে ঠান্ডা রাখতে সাহায্য করবে এবং কার্যক্ষমতা বাড়াবে।

# অপারেশনের সময় ও স্পিড সেটিং

নরম ও সিদ্ধ খাবার যথাযথভাবে প্রক্রিয়াজাতকরনের জন্য মিক্সারটির নির্ধারিত স্পিডরয়েছে।

এই গ্রাইন্ডারটিতে ১৮০০০ আরপিএম এর একটি শক্তিশালী মোটর ব্যবহার করা হয়েছে যেটি কার্যকর ও প্রত্যাশিত গ্রাইন্ডিং এর জন্য যথেষ্ট।

| ক্রমিক নং | স্পিড | উপযোগিতা |
|---|---|---|
| ১ | ১ | ওয়েট গ্রাইন্ডিং |
| ২ | ২ | ওয়েট অ্যান্ড ড্রাই গ্রাইন্ডিং |
| ৩ | ৩ | ড্রাই গ্রাইন্ডিং |
| ৪ | পালস | নরম ও সিদ্ধ খাবার |

# পরিষ্কারকরণ

১। মিক্সার গ্রাইন্ডারটি প্রতিবার চালানোর পর পরিষ্কার করার জন্য জারের অর্ধেক পরিমান পানি দিয়ে পূর্ন করে দুই থেকে তিনবার পালস সুইচ চালাতে হবে।
২। পরিষ্কারের পূর্বে এর সুইচ অফ করে প্লাগটি সকেট থেকে বিচ্ছিন্ন করতে হবে।
৩। মিক্সার গ্রাইন্ডার জার ও ব্লেডগুলো অবশ্যই সতর্কতার সাথে পরিষ্কার করতে হবে, কারন ধারালো ব্লেডগুলোতে যে কোনো সময় অসাবধানতা-বসত আঘাত লাগতে পারে।
৪। মিক্সার গ্রাইন্ডারটি অবশ্যই প্রথমে ভেজা কাপড় ও পরে শুকনো কাপড় দিয়ে পরিষ্কার করতে হবে।

# ত্রুটি-বিচ্যুতি শনাক্তকরন

| সমস্যাসমূহ | সম্ভাব্য কারনসমূহ ও সমাধান |
|---|---|
| গ্রাইন্ডারটি চালু হচ্ছে না | প্লাগটি সকেটে ঠিকমত লাগানো আছে কিনা পরীক্ষা করে দেখতে হবে। |
| | জার বা গ্রাইন্ডারটি মেইন বডির সাথে ঠিকভাবে লাগানো আছে কিনা পরীক্ষা করে দেখতে হবে। |
| গ্রাইন্ডারটি কিছুক্ষন চালানোর পর বন্ধ হয়ে গেছে | অতিরিক্ত লোড পড়ার কারনে মোটরটি অত্যাধিক গরম হয়ে গিয়েছে এবং সুরক্ষার জন্য ওভারলোড প্রটেকশন চালু হয়ে গিয়েছে। এটিকে কমপক্ষে ৩০ মিনিট রেখে ঠান্ডা হতে দিতে হবে। এরপর পুনরায় লাল রংয়ের ওভারলোড প্রটেক্টরটি চাপ দিয়ে গ্রাইন্ডারটি চালু করতে হবে। |
| গ্রাইন্ডারের ভেতর থেকে পোড়া গন্ধ বের হচ্ছে | প্রথমবার গ্রাইন্ডারটি চালু করার সময় কিংবা বেশি সময় ধরে চালু থাকলে এরূপ হওয়া স্বাভাবিক। তবে খুব বেশি পোড়া গন্ধ বের হলে বা কোনোরূপ ধোয়া দেখা গেলে ব্যবহার বন্ধ রাখতে হবে এবং নিকটস্থ সার্ভিস সেন্টারে যোগাযোগ করতে হবে। |
| উপকরন সহ ব্লেড আটকে গেছে | উপকরনের পরিমান বেশি হয়ে গিয়েছে। পরিমান কমিয়ে দিতে হবে বা আরো ছোট ছোট টুকরা করে দিতে হবে। |
| ব্লেড ঘুরছে কিন্তু কঠিন উপকরনগুলো ঘুরছে না | আরও পানি যোগ করতে হবে। |
| | উপকরনগুলো আরো ছোট করে কেটে দিতে হবে। |
| | গ্রাইন্ডারটি হালকা ঝাকুনি দিতে হবে। |
| | পালস স্পিড ব্যবহার করতে হবে। |

উপরোক্ত পদ্ধতি অনুসরন করার পরেও যদি সমস্যার সমাধান না হয়, তবে দ্রুত সার্ভিস সেন্টারে যোগাযোগ করতে হবে। কখনোই এটি নিজ থেকে মেরামত করার চেষ্টা করা যাবে না বা অননুমোদিত কারো কাছে মেরামতের জন্য পাঠানো যাবে না।

# ওয়ারেন্টি এর শর্ত সমূহ

১। মিক্সার গ্রাইন্ডার ক্রয়ের পর শুধুমাত্র উৎপাদনগত ত্রুটির কারনে মিক্সার গ্রাইন্ডারটি কাজ না করলে সম্মানিত গ্রাহক ওয়ারেন্টি সুবিধা পাবে।

২। এ জন্য গ্রাহক তার ত্রুটিপূর্ণ মিক্সার গ্রাইন্ডারটি তার নিকটস্থ ওয়ালটন প্লাজা বা যে শো-রুম থেকে পণ্য ক্রয় করেছেন সেখানে পণ্য এবং ওয়ারেন্টি কার্ড সহ যোগাযোগ করবেন।

৩। পণ্যটির যে কোনো অপব্যবহার, নিয়ম না মেনে মিক্সার গ্রাইন্ডার চালানো অথবা ক্ষতিসাধন কিংবা ওয়ালটন অননুমোদিত ব্যক্তি দ্বারা মেরামতের চেষ্টা করানো হলে পণ্যটি আর ওয়ারেন্টি পাবে না।

৪। দূর্ঘটনা, ইলেকট্রিক ত্রুটি, অস্বাভাবিক কারনে বা অবহেলার কারনে কোনো ক্ষতিসাধন হলে পণ্যটি আর ওয়ারেন্টি পাবে না।

৫। হাত থেকে পড়ে কোনো পার্ট ক্ষতিগ্রস্থ হলে পণ্যটি আর ওয়ারেন্টি পাবে না।

৬। যদি বারকোড ও স্টিকার খুলে ফেলা হয় তবে পণ্যটি আর ওয়ারেন্টি পাবে না।

৭। মিক্সার গ্রাইন্ডার বডির ভিতর পানি বা অন্যকোনো তরল ঢুকে যান্ত্রিক গোলাযোগ সৃষ্টি করলে পণ্যটি আর ওয়ারেন্টি পাবে না।

৮। কোনোরূপ বানিজ্যিক কাজে পণ্যটি ব্যবহার হলে ওয়ারেন্টি কার্যকর হবে না।

৯। ওয়ারেন্টি কার্ড ও প্রোডাক্টের সিরিয়াল নম্বর ভিন্ন হলে, সিরিয়াল নম্বর নষ্ট করে ফেললে/বিকৃত করে ফেললে ওয়ারেন্টি কার্যকর হবে না।

১০। সার্ভিস ওয়ারেন্টি শুধুমাত্র উৎপাদনগত ত্রুটি এবং প্রোডাক্টটি যদি ব্যবহারবিধি অনুযায়ী সঠিকভাবে সংরক্ষন করা হয় তবেই কার্যকর হবে।

১১। সার্ভিস ওয়ারেন্টির সময়কাল অতিবাহিত হলে কোনোরকম ওয়ারেন্টি সুবিধা প্রযোজ্য হবে না। তবে পর্যালোচনা সাপেক্ষে শুধুমাত্র স্পেয়ার পার্টস সাপোর্ট ও বিক্রয়োত্তর সেবা প্রযোজ্য হবে।

# ওয়ালটন

## ওয়ারেন্টি রিপোর্ট কার্ড

| | ওয়ারেন্টি কাঠামো | |
|---|---|---|
| ব্যবহারের প্রকৃতি | সার্ভিস ওয়ারেন্টি | বিক্রয়োত্তর সেবা |
| আবাসিক | ৬ মাস | ১ বছর |

গ্রাহকের নাম : ..............................

ঠিকানা : ..............................

টেলিফোন/মোবাইল : .............................. ই-মেইল : ..............................

বিক্রয়ের তারিখ

| তারিখ | | মাস | | বছর | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

বারকোড নম্বর

পরিবেশক/বিক্রেতা :

ক্রেতার স্বাক্ষর

পরিবেশক/বিক্রেতার সীল এবং স্বাক্ষর

---

অফিস কপি

গ্রাহকের নাম : ..............................

ঠিকানা : ..............................

টেলিফোন/মোবাইল : .............................. বিক্রয়ের তারিখঃ ..............................

রিপ্লেসমেন্টের তারিখ : ..............................

রিপ্লেসমেন্টকৃত প্রোডাক্ট বারকোড নম্বর

Achieved by Walton HIL

**ISO 9001: 2015, ISO 14001: 2015 &**
**ISO 45001: 2018 Certified Company**


## ওয়ালটন সার্ভিস ম্যানেজমেন্ট সিস্টেম (সেন্ট্রাল)

চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর, বাংলাদেশ, e-mail: support@waltonbd.com


সকলের জন্য উন্নত গ্রাহকসেবা নিশ্চিত করার লক্ষ্যে ঠিকানা
ও অন্যান্য তথ্যাবলি পরিবর্তন হতে পারে।

**যেকোনো সার্ভিস/তথ্যের জন্য যোগাযোগ করুনঃ 16267 অথবা 09612316267**

waltonbd.com